

069

**যোগ্যতা অনুযায়ী প্রাথমিক শিক্ষকদের বেতন নির্ধারণ**

১৯৭০ সালের মডিফাইড পে-স্কেলে প্রাথমিক বিদ্যালয়ে কার্যরত বিএ ও আইএ পাস শিক্ষকগণ যথাক্রমে উচ্চ কোয়ালিফিকেশনের জন্য ৩ টাকা হারে ৪টি ও ২টি অগ্রিম বা অতিরিক্ত ইনক্রিমেন্ট পাইতেন। কিন্তু ১৯৭৩ সালে প্রাথমিক বিদ্যালয় সরকারী-করণের পর ঘোষিত জাতীয় পে-স্কেলে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের জন্য ২২০-৪২০ টাকার স্কেল দেওয়া হয়। যোগ্যতাসম্পন্ন শিক্ষকদের জাতীয় পে-স্কেলে মডিফাইড স্কেলে দেওয়া অতিরিক্ত ইনক্রিমেন্টের কোন বেনিফিট পে-নির্ধারণে আসে নাই। ১৯৭৭ সালের ঘোষিত নতুন জাতীয় পে-স্কেলে বিএ ও আইএ পাস শিক্ষকগণকে যথাক্রমে

২টি ও ১টি অতিরিক্ত ইনক্রিমেন্ট দেওয়া হয়, কিন্তু ১৯৮৫ সালের ঘোষিত পে-স্কেল ও টাইম স্কেলে ১৯৭৭ সালের স্কেলে দেওয়া ২টি ও ১টি ইনক্রিমেন্টের কোন বেনিফিট পে-নির্ধারণে আসে নাই। ফলে ১৯৭০ সালের মডিফাইড স্কেলে যোগ্যতার জন্য ৪টি ও ২টি অতিরিক্ত ইনক্রিমেন্টপ্রাপ্ত শিক্ষকগণ আজ চাকুরির শেষপ্রান্তে অথচ তাহারা বর্তমানে অন্য শিক্ষকদের মতই বেতন পাইতেছে। তাহারা যোগ্যতাসম্পন্ন ও চাকুরির বয়স বেশী গড়েও বেতন বেশী পাইতেছেন না। বিষয়টি ভেবে দেখার জন্য অর্থ ও শিক্ষা মন্ত্রণালয়ের প্রতি আকুল আবেদন জানাইতেছি।  
মো: আজহার হোসেন,  
প্রধান শিক্ষক, বাবুগঞ্জ সরকারী প্রাথমিক বিদ্যালয়, বরিশাল।